**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০৩.২২-১২১৩

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩১ / ২০ আগস্ট ২০২৪

## প্রজ্ঞাপন

বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ৬ এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৬ ও ৮ অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

বেসরকারি মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে-

(ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারকে; এবং

(খ) মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার/বিভাগীয় কমিশনারের মনোনীত প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব প্রদান করা হলো। পুনরাদেশ না দেয়া পর্যন্ত তারা সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন।

২০/৮/২০২৪
(মো: কামরুল হাসান)
উপসচিব
☏: ৫৫১০০৪১৬
ই-মেইল:dsadmin@tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০৩.২২-১২১৩/(৩১)

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩১ / ২০ আগস্ট ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭. মহাপরিচালক, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, পলাশী, নীলক্ষেত, ঢাকা;
৯. বিভাগীয় কমিশনার.........................................................................: (সকল);
১০. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
১১. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
১২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;

চেয়ারম্যানের দপ্তর
বাকাশিবো, ঢাকা
☐ সচিব
☐ পরিচালক (কা:/সিবিটি/প্রকল্প)
☐ পরীক্ষা নিয়ন্ত্রক
☑ পরিদর্শক
☐ সিস্টেম এনালিস্ট
☐ উপ-সচিব (রেজি:)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষর

21 AUG 2024

পরিদর্শকের কার্যালয়
বাকাশিবো
☑ উপ পরিদর্শক (ডিপ্লোমা)
☑ উপ পরিদর্শক (বিএম)
☑ উপ পরিদর্শক (ভোক)
☐ উপ পরিদর্শক (শর্ট কোর্স)
☐ উপ পরিদর্শক (স্বাস্থ্য)
২২.০৮.২৪
পরিদর্শকের স্বাক্ষর

**চলমান পাতা-০২**

চেয়ারম্যানের দপ্তর
বাকাশিবো, ঢাকা
ক্রমিক নং: ৪২৩৬
স্বাক্ষর/তারিখ ২১/৮/২৪



https://d.docs.live.net/b0ffd709ff655184/Desktop/Gadget Letter.docx

21 AUG 2024

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০৩.২২-১২১৩/(৩১) তারিখ: ০৫ ভাদ্র ১৪৩১ / ২০ আগস্ট ২০২৪

১৪. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া;
১৫. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষন ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর;
১৬. জেলা প্রশাসক.............................................................................. (সকল);
১৭. মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
১৯. উপজেলা নির্বাহী অফিসার................................................................................ (সকল);
২০. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়;
২১. আঞ্চলিক পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
২২. অধ্যক্ষ..............................................................................;
২৩. জেলা শিক্ষা অফিসার ........................................................................................(সকল);
২৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.............................................................(সকল);
২৫. ডিভিশনাল একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার...................................................(সকল);
২৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার.................................................(সকল);
২৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.............................................(সকল);
২৮. উপজেলা হিসাব রক্ষণ অফিসার.......................................................(সকল);
২৯. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৩০. প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট.........................................................................; এবং
৩১. অফিস কপি।

20/8/2024
(মো: কামরুল হাসান)
উপসচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.৪৪.২৪.৩২৫৩/০৬ তারিখ: ২২-০৮-২০২৪ খ্রিঃ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ , শিক্ষা মন্ত্রাণালয়ের স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০৩.২২-১২১৩ , তারিখ: ২০আগস্ট ২০২৪খ্রি: মুলে বেসরকারি মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদের দায়িত্ব সংক্রান্ত প্রজ্ঞাপনটি নির্দেশক্রমে সংশ্লিস্ট সকলের সদয় অবগতি ও কার্যাথে পৃষ্ঠাঙ্কণ করা হলো ।

২২/০৮/২৪
(প্রকৌ. মো: শাখাওয়াত হাসান)
উপ-পরিদর্শক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.৪৪.২৪.৩২৫৩ তারিখ: ২২-০৮-২০২৪ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাথে অনুলিপি প্রেরিত হল** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রসাশক(সকল)।
৩। মাননীন শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫। আঞ্চলিক পরিচালক (সকল) কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট,বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল) ।
৭। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৯। পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।

২২/০৮/২৪
(প্রকৌ. মো: শাখাওয়াত হাসান)
উপ-পরিদর্শক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৯, ২০১০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ ডিসেম্বর ২০০৯ খ্রিস্টাব্দ/ ৭ পৌষ ১৪১৬ বঙ্গাব্দ

**এস, আর, ও নং ২৬৭/আইন/২০০৯।**—Technical Education Act, 1967 (Act. No.1 of 1967) এর section 40(2) এর clause (f) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানামালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অধিক্ষেত্রভুক্ত সকল বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায়—

(১) "অভিভাবক" অর্থ কোন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত—

(অ) কোন শিক্ষার্থীর পিতা অথবা মাতা;

(আ) কোন শিক্ষার্থীর পিতা ও মাতা কেহ জীবিত না থাকিলে, তাহার তত্ত্বাবধানকারী অন্য কোন ব্যক্তি;

(ই) কোন নারী শিক্ষার্থী বিবাহিতা হইলে তাঁহার স্বামী, যিনি একই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী নহেন;

(২) "কারিগরি শিক্ষা" অর্থ Technical Education Act, 1967 (Act. No.1 of 1967) এর section 2 এর clause (d) তে উল্লিখিত কারিগরি শিক্ষা;



মূল্য ঃ টাকা ১৪.০০

৫। **ব্যবস্থাপনা কমিটির সভাপতি মনোনয়ন**।—(১) কোন স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য তাঁহার নির্বাচনী এলাকায় অবস্থিত অন্য কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত এমন সংখ্যক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সভাপতির দায়িত্ব গ্রহণ করিতে পারিবেন যেন উক্ত এলাকায় অবস্থিত, এই প্রবিধানমালার আওতাভুক্ত নহে এইরূপ অন্যান্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ, তাঁহার এইরূপ দায়িত্ব গ্রহণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা চার এর অধিক না হয়।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন সভাপতির দায়িত্ব গ্রহণের জন্য নির্বাচিত সংসদ সদস্য, তাঁহার নির্বাচনী এলাকায় অবস্থিত যে সকল বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্ব গ্রহণ কারিতে ইচ্ছুক তাহার উল্লেখসহ, লিখিতভাবে এই প্রবিধানমালার অধীন বোর্ডের চেয়ারম্যানের নিকট তাঁহার অভিপ্রায় ব্যক্ত করিবেন এবং উক্ত অভিপ্রায় পত্র সংশ্লিষ্ট বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের সভাপতি হিসাবে তাঁহার মনোনয়নরূপে গণ্য হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হইবেন—

(ক) জেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জেলা প্রশাসক স্বয়ং বা তদ্‌কর্তৃক মনোনীত সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত বা অবসরপ্রাপ্ত কোন প্রথম শ্রেণীর কর্মকর্তা; এবং

(খ) জেলা সদরের বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার স্বয়ং বা তদ্‌কর্তৃক মনোনীত সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত বা অবসরপ্রাপ্ত কোন প্রথম শ্রেণীর কর্মকর্তা ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধানের অধীন কোন কর্মকর্তা বা ব্যক্তিকে দুইটির অধিক বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি পদে মনোনয়ন প্রদান করা যাইবে না।

৬। **বিশেষ ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির সভাপতি মনোনয়ন**।—এই প্রবিধানমালায় যাহা কিছুই থাকুক না কেন—

(ক) সংসদ ভাঙ্গিয়া গেলে বা কোন কারণে কোন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতি হিসাবে দায়িত্বপালনরত কোন সংসদ সদস্যের সদস্য পদ শূন্য হইলে উক্তরূপ সংসদ ভাঙ্গিয়া যাইবার বা, ক্ষেত্রমত, সংসদ সদস্যের সদস্যপদ শূন্য হইবার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি পদে তাঁহার দায়িত্বের অবসান ঘটিবে এবং সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বা তদ্‌কর্তৃক মনোনীত কোন ১ম শ্রেণীর কর্মকর্তা ব্যবস্থাপনা কমিটির অবশিষ্ট মেয়াদে সভাপতির দায়িত্ব পালন করিবেন;

(খ) কোন বিশেষ পরিস্থিতিতে সরকার—

(অ) মহানগর ব্যতীত অন্যান্য এলাকার ক্ষেত্রে, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক বা সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারকে, এবং

(আ) মহানগর এলাকার ক্ষেত্রে, সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক বা যে কোন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাকে,

উক্ত এলাকার কোন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি মনোনয়ন দিতে পারিবে এবং সরকার কর্তৃক এইরূপ মনোনয়ন দেওয়া হইলে বোর্ড কর্তৃক অনুমোদিত বা মনোনীত সভাপতির, যদি থাকে, দায়িত্বের অবসান ঘটিবে।

৭। **ব্যবস্থাপনা কমিটির মেয়াদ**।—প্রবিধান ৩৮ এর বিধান অনুসারে পূর্বে বাতিল করা না হইলে ব্যবস্থাপনা কমিটির মেয়াদ হইবে উহার প্রথম সভা অনুষ্ঠানের তারিখ হইতে পরবর্তী দুই বৎসর ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও উহার উত্তরাধিকার ব্যবস্থাপনা কমিটির প্রথম সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত উক্ত প্রথম ব্যবস্থাপনা কমিটি উহার দায়িত্ব পালন অব্যাহত রাখিবে।

৮। **সদস্য নির্বাচনে ভোটাধিকার**।—প্রবিধান ৪ এর অধীন যে সকল সদস্যপদে নির্বাচনের বিধান রহিয়াছে সে সকল পদে একজন ভোটারের নিম্নরূপ ভোটাধিকার থাকিবে, যথা ঃ

(ক) কোন শ্রেণীর যে সংখ্যক সদস্যপদে নির্বাচন অনুষ্ঠিত হইবে সে শ্রেণীর প্রত্যেক ভোটারের সমসংখ্যক ভোট প্রদানের অধিকার থাকিবে;

(খ) একজন প্রতিষ্ঠাতা আজীবন ভোটার হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠাতা একজন হইলে তিনি তাঁহার মৃত্যুর পূর্বে ব্যবস্থাপনা কমিটির সভাপতির বরাবরে লিখিতভাবে কোন ব্যক্তি, সংস্থা বা সংগঠনকে উত্তরসূরী হিসাবে প্রতিষ্ঠাতা সদস্যরূপে মনোনয়ন করিতে পারিবেন এবং এইরূপে মনোনীত কোন উত্তরসূরী সদস্য মনোনয়নকারী প্রতিষ্ঠাতা সদস্যের স্থলাভিষিক্ত হইবেন ঃ

আরও শর্ত থাকে যে, উত্তরসূরী সদস্য পরবর্তী আর কোন উত্তরসূরী মনোনয়ন করিতে পারিবেন না ঃ

আরও শর্ত থাকে যে, এই প্রবিধানমালা বলবৎ হইবার অব্যবহিত পূর্বে কোন প্রতিষ্ঠাতা কর্তৃক কোন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে জমি বা সম্পদ দান সংক্রান্ত রেজিস্ট্রিকৃত দলিলে ভিন্নরূপ কোন শর্ত থাকিলে উক্ত শর্ত কার্যকর থাকিবে ;

(গ) আজীবন দাতা সদস্য ব্যতীত একজন দাতা সদস্যের ভোটাধিকার কেবল তিনি যে মেয়াদে অর্থ বা সম্পদ দান করিয়াছেন সে মেয়াদের জন্য বলবৎ থাকিবে এবং একজন আজীবন দাতা সদস্যের আজীবন ভোটাধিকার থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন আজীবন দাতা সদস্যের মৃত্যুতে তাঁহার কোন উত্তরাধিকারের ভোটাধিকার কিংবা উত্তরাধিকার সূত্রে দাতা শ্রেণীর সদস্য হইবার অধিকার থাকিবে না ঃ

আরও শর্ত থাকে যে, এই প্রবিধানমালা বলবৎ হইবার অব্যবহিত পূর্বে কোন দাতা কর্তৃক কোন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় জমি বা সম্পদ দান সংক্রান্ত রেজিস্ট্রিকৃত দলিলে ভিন্নরূপ কোন শর্ত থাকিলে উক্ত শর্ত কার্যকর থাকিবে;

(ঘ) একাধিক শিক্ষার্থীর একজন অভিভাবক থাকিলে তিনি অভিভাবক শ্রেণীতে কেবল একজন ভোটার হিসাবে গণ্য হইবেন।